গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৬.২৩.২০৬.২৫ – ৪৯৯

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩২ / ১১ সেপ্টেম্বর ২০২৫

**বিষয়ঃ সুন্দর বাংলাদেশ বিনির্মাণে তারুণ্যের ভাবনা।**

উপর্যুক্ত বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীদের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে, ১২ আগস্ট ২০২৫ জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস উদযাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠান স্থলে সুন্দর বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে যুবদের মতামত গ্রহণের জন্য একটি মতামত বক্স রাখা হয়। অনুষ্ঠানে আগত যুবক ও যুবনারীরা ভবিষ্যৎ বাংলাদেশ গড়ার নিমিত্ত তাদের মতামত লিখিত আকারে নির্ধারিত বক্সে জমা প্রদান করেন। জমাকৃত মোট ৫৬৪ টি হতে যাচাইয়ান্তে দ্বৈততা পরিহার করে ১৭৯ টি মতামত বাছাই করা হয় (কপি সংযুক্ত)। মতামত সমূহ সকলকে কর্মক্ষেত্রে প্রতিপালন করার জন্য এবং স্বস্ব তথ্য বাতায়নে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি – ৬ পৃষ্ঠা।

১১.৯.২০২৫
(মো: আ: হামিদ খান)
পরিচালক
বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন
যুব উন্নয়ন অধিদপ্তর
ফোনঃ ০২-২২৩৩৮৯৭১০

অবগতি ও কার্যার্থে :

০১। পরিচালক.................... (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। উপপরিচালক............... (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর।
০৩। প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর.............. (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর।
০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/থানা যুব উন্নয়ন কর্মকর্তা------------------------(সকল)উপজেলা/থানা--------------------------(সকল) জেলা
০৬। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। অফিস কপি।

# ‘জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস-২০২৫’

## “সুন্দর বাংলাদেশ বিনির্মাণে তারুণ্যের ভাবনা”

১. সংসদে যুবদের জন্য আসন চাই।
২. গ্রামীন অর্থনীতি শক্তিশালীকরণ।
৩. আইনের যথাযথ প্রয়োগ করতে হবে।
৪. নতুন নতুন প্রযুক্তি আবিষ্কার করতে হবে।
৫. বৃক্ষরোপন করতে হবে।
৬. মাদকমুক্ত দেশ গড়তে হবে।
৭. সুন্দর দেশ গড়তে তরুনদের শিক্ষা ও চিকিৎসার ক্ষেত্রে অগ্রগতি বাড়াতে হবে।
৮. শিশুদের সুরক্ষিত দেখতে চাই।
৯. শিশুশ্রম বন্ধ করতে হবে।
১০. বাল্যবিবাহ বন্ধ রাখতে হবে।
১১. নদী ও বন রক্ষা করতে হবে।
১২. আগামী দিনের দেশ সুরক্ষিত রাখতে হবে।
১৩. স্কুলের আঙ্গীনায় বড় খেলার মাঠ চাই।
১৪. শিশুরা যেন মত প্রকাশের অধিকার পায়।
১৫. নারী নির্যাতন ও শিশু নির্যাতন বন্ধ করতে হবে।
১৬. দূর্নীতি মুক্ত বাংলাদেশ গড়তে হবে।
১৭. টেকসই পরিবহন ব্যবস্থা।
১৮. নিরাপদে রাস্তায় চলাচল করতে পারা।
১৯. সুন্দর দেশ গড়তে হলে, সুন্দর মানুষ হতে হবে।
২০. আমরা পড়ালেখা করতে চাই।
২১. শিক্ষার্থীদের জন্য নির্দিষ্ট বাস চাই।
২২. ময়লা আবর্জনা মুক্ত সমাজ চাই।
২৩. I want freedom.
২৪. চাঁদাবাজ মুক্ত দেশ চাই।
২৫. মেয়েরা যেন স্বাধীনভাবে চলতে পারে এমন দেশ চাই।
২৬. উন্মুক্ত বিশ্ববিদ্যালয় চাই।
২৭. নারীদের প্রতি সহিংসতামুক্ত দেশ চাই।
২৮. মানসিক হাসপাতাল চাই।

২৯. আমরা বাংলাদেশকে একটি স্বার্বভৌম রাষ্ট্র হিসেবে দেখতে চাই।
৩০. সরকারী কলেজ চাই।
৩১. নারীদের জন্য বেশি কর্মসংস্থান সৃষ্টি করা।
৩২. বেকারত্বের হার হ্রাস করা।
৩৩. সমঅধিকার চাই, কোনো বৈষম্য চাই না।
৩৪. সন্ত্রসমুক্ত দেশ চাই।
৩৫. মহাখালীতে মেট্রোরেলের ব্যবস্থা থাকলে সুবিধা হতো।
৩৬. কারীগরি শিক্ষাকেন্দ্র বাড়ানো হলে ভালো হয়।
৩৭. সবার মতামত প্রকাশের সুযোগ হলে ভালো হয়।
৩৮. বৈষম্যহীন বাংলাদেশ দেখতে চাই।
৩৯. Hotline Number প্রতি রাস্তায় রাস্তায় চাই।
৪০. নতুন বাংলাদেশ বিনির্মানে নারীদের শিক্ষার বিকাশ অত্যন্ত প্রয়োজন।
৪১. ঢাকার বৃষ্টির পানি নিষ্কাশনের ব্যবস্থা চাই।
৪২. আমরা চাই সবাই সবার বিপদে আপদে সাহায্য করবে।
৪৩. যে কোন বিষয়ে আন্দোলন হলে সাধারণ মানুষের অনেক ক্ষতি হয়, সাধারণ মানুষের যাতে ক্ষতি না হয় তার জন্য ব্যবস্থা নেওয়া।
৪৪. স্কুল, কলেজে নারীদের জন্য আলাদা সুযোগ সুবিধা রাখা।
৪৫. মেয়েদেরকে স্কাউট করতে দেওয়া, এতে তারা অনেক কিছু শিখতে পারে। যেমনঃ নাচ, গান, ও দৃঢ়মনোবল গঠন হয়।
৪৬. যানজট মুক্ত ঢাকা শহর চাই।
৪৭. যুবকদের দক্ষতা উন্নয়ণ।
৪৮. যেখানে সেখানে ময়লা ফেলা যাবে না।
৪৯. ভবিষ্যতে আমরা বাংলাদেশকে খুব উন্নতভাবে দেখতে চাই।
৫০. আমি বাংলাদেশকে জাপানের মতো উন্নত রাষ্ট্র হিসেবে দেখতে চাই। যেমনঃ শিক্ষাক্ষেত্রে, অর্থনৈতিকভাবে উন্নত এবং প্রাকৃতিক সৌর্ন্দয্য।
৫১. আমি বাংলাদেশের ট্রাফিক আইন শৃংখলা আরও সুন্দর দেখতে চাই। সড়ক দূর্ঘটনা মুক্ত বাংলাদেশ দেখতে চাই। ট্রফিক আইন কোঠর দেখতে চাই।
৫২. বাংলাদেশকে শক্তিশালী রাষ্ট্র হিসেবে দেখতে চাই।
৫৩. গরীব মেধাবী শিক্ষার্থীদের স্কলারশীপের সুযোগ।
৫৪. নেতার পরিবর্তন চাই, নীতির পরিবর্তন চাই।
৫৫. পড়াশুনার পাশাপাশি যুবদের জন্য সামাজিক কাজ করার সুযোগ তৈরি করা যেন যুবরা সমাজ পরিবর্তনে ইতিবাচক ভূমিকা রাখতে পারে।
৫৬. ভবিষ্যতে স্বল্প খরচে সর্বাধিক চিকিৎসার ব্যাবস্থা থাকতে হবে।
৫৭. যুবদের নেতৃত্ব বিকাশে যুবদের অংশগ্রহন নিশ্চিত করতে হবে।
৫৮. নিরাপদ পানির ব্যবস্থা করতে হবে।

৫৯. আগামীর বাংলাদেশে গণমাধ্যমের পূর্নস্বাধীনতা থাকতে হবে।
৬০. সিটিতে খেলা-ধুলার সুযোগ থাকতে হবে।
৬১. সবাই খাদ্য পাবে।
৬২. কোন পথশিশু থাকবে না।
৬৩. দেশের জনশক্তিকে জনসম্পদে রূপান্তর করা।
৬৪. সমগ্র বাংলাদেশে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ও জ্বালানীর ব্যবস্থা থাকতে হবে।
৬৫. আগামীর বাংলাদেশে আইন ও প্রশাসন হবে দূর্নীতি ও বৈষম্যমুক্ত।
৬৬. শিক্ষার প্রসার জলবায়ুর পরিবর্তনের প্রভাব মোকাবিলা করা।
৬৭. বাংলাদেশ চালাতে পারে এমন সরকার দেখতে চাই। (আদর্শ বাংলাদেশ চাই)
৬৮. বাংলাদেশকে সকল প্রকারের অত্যাচার ও অবিচার মুক্ত দেশ হিসেবে দেখতে চাই।
৬৯. ভবিষ্যতে দ্রব্যমূল্যের উর্দ্ধগতি ও মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রনে রাখতে হবে।
৭০. বাংলাদেশের ক্রিকেট টিম ভাল হতে হবে। সবসময় সত্যের পথে চলতে হবে।
৭১. সুষ্ঠ নির্বাচন চাই।
৭২. বাংলাদেশকে একটি শান্তিপূর্নদেশ হিসেবে দেখতে চাই।
৭৩. বাংলাদেশকে সোনালী দেশ হিসেবে দেখতে চাই।
৭৪. দেশে হাসপাতাল বৃদ্ধি করতে হবে।
৭৫. সামরিক দিক থেকে বাংলাদেশকে বিশ্বের শক্তিশালী রাষ্ট্রগুলোর মধ্যে প্রথম সারিতে দেখতে চাই।
৭৬. প্রত্যেকটি অঞ্চল বা এলাকায় উন্নত মানের শিক্ষা প্রতিষ্ঠান হওয়া উচিৎ।
৭৭. দূর্নীতিমুক্ত নির্বাচন দেখতে চাই, যাতে দেশের নাগরিকরা তাদের যোগ্য নেতা নির্বাচিত করতে পারে।
৭৮. গাছ কাটা বন্ধ চাই।
৭৯. নির্দিষ্ট স্থানে স্থানে ডাস্টবিন থাকা উচিৎ।
৮০. ফরমালিন মুক্ত খাবার চাই।
৮১. রাস্তাঘাট আরও উন্নত চাই।
৮২. আমি চাই সুন্দর স্বনির্ভর একটি বাংলাদেশ, যেখানে থাকবেনা দূর্নীতি অনিয়ম এবং অনাচার। থাকবেনা কোন বৈষম্য। বাংলাদেশ একটি ইসলামী রাষ্ট্র হোক।
৮৩. তারুণ্যের চোখে স্বপ্ন, হৃদয়ে দেশপ্রেম।
৮৪. যুবদের কাজ দেশ গড়া, সমাজ বদলানো।
৮৫. উন্নত বাংলাদেশ গড়তে এগিয়ে আসুক তরুণ দল।
৮৬. কোটামুক্ত বাংলাদেশ চাই।
৮৭. সুন্দর পরিবেশ চাই।
৮৮. পড়াশুনার পাশাপাশি বৃত্তিমূলক প্রশিক্ষন চাই।
৮৯. পাবলিক ট্রান্সপোর্ট উন্নত চাই।
৯০. ছিনতাইমুক্ত বাংলাদেশ চাই।
৯১. কৃষি খাতের উন্নয়ন দেখতে চাই।
৯২. যুবদের বয়স নির্ধারন ১২ থেকে ৩৫ বছর করা দরকার।

৯৩. দূর্নীতি বন্ধে কড়া পদক্ষেপ নেওয়া।
৯৪. শিক্ষার মান উন্নত করা।
৯৫. সততা ও নৈতিকতার মাধ্যমে সমৃদ্ধ বাংলাদেশ তৈরী হোক।
৯৬. প্রত্যেকটি সরকারি-বেসরকারি বিদ্যালয়ে পড়াশুনার পাশাপাশি সরকারিভাবে বৃত্তি চাই।
৯৭. নারীর সম্মান, অধিকার ও সুযোগ।
৯৮. দেশে কোন অপহরন ও ধর্ষন থাকবে না।
৯৯. সুস্বাস্থ্য ও পুষ্টির নিশ্চয়তা চাই।
১০০. গার্মেন্টস শিল্পের বিকাশ।
১০১. যৌতুক মুক্ত বাংলাদেশ চাই।
১০২. বাংলাদেশের আইন ব্যবস্থা সুরক্ষা করতে হবে।
১০৩. স্থানীয় সরকারের ক্ষমতায়ন
১০৪. উচ্চশিক্ষার বিনিময়ে উচ্চপদে চাকুরী দেওয়া উচিৎ।
১০৫. ইভটিজিং মুক্ত বাংলাদেশ চাই।
১০৬. যুবদের জন্য ওয়ার্ড ভিত্তিক বই পড়া লাইব্রেরীর ব্যবস্থা নিশ্চিত হলে ভাল হয়।
১০৭. ব্যবসা শুরু করতে ঋন বা আর্থিক সহায়তা প্রদান করা।
১০৮. কারিগরি শিক্ষার্থীদের জন্য অনজব প্রশিক্ষনের ব্যবস্থা করা।
১০৯. অনলাইন জব পোর্টাল তৈরি যেখানে তরুণরা সহজে চাকুরি পাবে।
১১০. গ্রামীন যুবদের জন্য আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষনের ব্যবস্থা রাখা।
১১১. অনলাইন প্রশিক্ষণ কোর্স এর ব্যবস্থা/ব্যাপ্তি বাড়ানো।
১১২. শিক্ষা ও সচেতনতা বৃদ্ধি ক্যারিয়ার কাউন্সিলিং প্রদান করা।
১১৩. কিশোর গ্যাংমুক্ত দেশ চাই।
১১৪. যুব শক্তির ঐক্যে এগিয়ে যাবে বাংলাদেশ।
১১৫. দেশপ্রেম হোক তরুণদের শক্তির উৎস।
১১৬. প্লাষ্টিক কম ব্যবহার ও পরিচ্ছন্নতা বজায় রাখা।
১১৭. গবেষণা ও উদ্ভাবনে মনোযোগ দেওয়া।
১১৮. গ্রাম ও শহরের মধ্যে উন্নয়নের সমন্বয়।
১১৯. ডিজিটাল বাংলাদেশ গঠনে সক্রিয় ভূমিকা রাখা।
১২০. প্রযুক্তি, আইটি ও ভোকেশনাল ট্রেনিংয়ে দক্ষতা অর্জন করতে হবে।
১২১. শহর সবুজায়ন করতে হবে।
১২২. বাংলা ভাষা ও সংস্কৃতির বিকাশ।
১২৩. স্মার্ট সিটি ও ডিজিটাল সেবার বিস্তার।
১২৪. স্থানীয় ও জাতীয় পর্যায়ে ইতিবাচক মতামত দেওয়া।
১২৫. গরিব ও অসহায় মানুষের পাশে দাড়ানো।
১২৬. বিভেদ ভূলে মিলেমিশে দেশকে এগিয়ে নেওয়া।
১২৭. বিচার ব্যবস্থার গতি বাড়াতে হবে।

১২৮. নারী ও শিশুর উন্নত চিকিৎসার ব্যবস্থা করতে হবে।
১২৯. আগামীর শহরে জনসংখ্যা বৃদ্ধি হ্রাস করে সুন্দর নগরায়ন প্রতিষ্ঠার প্রত্যাশা।
১৩০. নতুন বাংলাদেশ বিনির্মাণে যুবদের বেশি বেশি সুযোগ দেওয়া।
১৩১. বাংলাদেশকে নিরাপদ দেশ হিসেবে দেখতে চাই। (বর্তমানে অনিরাপদ বাংলাদেশ)
১৩২. জনগণ ও যুবদের নিয়ে ইউনিয়ন পর্যায়ে কমিটি গঠন।
১৩৩. তরুণদের সরকারের সকল কাজে যুক্ত করা, তাদের নানা বিষয়ের উপর প্রশিক্ষন এর ব্যবস্থা করা।
১৩৪. ফিটনেসবিহীন গাড়ী চাই না। নিরাপদ সড়ক চাই।
১৩৫. কর্মক্ষেত্রে নারী পুরুষ সমান অধিকার চাই।
১৩৬. স্মার্ট সিটি কন্সেপ্ট বাস্তবায়ন।
১৩৭. স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে তরুণদের গুরুত্বপূর্ণ ভূমিকা চাই।
১৩৮. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ৮ম শ্রেনী থেকে পড়াশুনার পাশাপাশি বৃত্তি মূলক শিক্ষার ব্যবস্থা রাখা দরকার।
১৩৯. বাংলাদেশের চিকিৎসা ব্যবস্থা উন্নত হোক।
১৪০. সততা শৃংখলা পরিশ্রম ও সহনশীলতা বজায় রাখা।
১৪১. সঠিক শিক্ষা ও দক্ষতা অর্জন করে নিজেদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলা।
১৪২. সাংস্কৃতি চর্চা ও মূল্যবোধ।
১৪৩. পাঠ শিল্পের বিকাশ পাটজাত পণ্য ব্যবহারে উৎসাহিত করা।
১৪৪. শব্দ দূষন বন্ধ চাই।
১৪৫. AI বন্ধ চাই।
১৪৬. সরকারী হাসপাতালগুলো আধুনিকীকরন।
১৪৭. যুবকদের মধ্যে পুথিগত শিক্ষা ছাড়াও নৈতিক শিক্ষার অনুশীলন করা উচিৎ।
১৪৮. পরিবর্তন শুরু হোক আমার থেকে।
১৪৯. চিত্তবিনোদনের ব্যবস্থার মাধ্যমে মেধা বিকাশ উন্নয়ন করতে হবে।
১৫০. যুবকদের বেকারত্ব দূরের মাধ্যমে অস্বচ্ছলতা দূর করতে হবে।
১৫১. সন্ধ্যার পরে বাসার বাহিরে নারী ও পুরুষের নিরাপত্তা চাই।
১৫২. জৈব জালানী কমাতে হবে।
১৫৩. সামাজিক নৈরাজ্য মুক্ত সমাজ চাই।
১৫৪. স্কুল কলেজে রাজনীতি মুক্ত চাই।
১৫৫. সুন্দর বাংলাদেশ বিনির্মাণে চাই ধুমপান মুক্ত বাংলাদেশ।
১৫৬. অনেক জায়গায় কোন ধরনের আইনের সাহায্য নিতে গেলে অধিক পরিমানে টাকার প্রয়োজন হয়। এটার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক।
১৫৭. মেট্রোরেল ভারা কম করা হউক।
১৫৮. আমি চাই আমাদের বাংলাদেশ নম্র, ভদ্র লোকে ভরে যাক, যাতে চোর ডাকাত না বাড়ে।
১৫৯. পরিবেশ প্রকৃতিকে রক্ষা করবো।
১৬০. অর্থনৈতিক ও রাজনৈতিক স্থিতিশীলতা আনা।
১৬১. বিনা কারনে শিশু ও নারীদের প্রতি অত্যাচার বন্ধ হতে দেখতে চাই।

১৬২. সাইবার নিরাপত্তা নিশ্চিত করা।

১৬৩. সবার জন্য মান সম্মত শিক্ষা নিশ্চিত করা।

১৬৪. তরুণরা যদি জ্ঞান, সততা ও দেশপ্রেম নিয়ে এগিয়ে আসে, তবে সুন্দর বাংলাদেশ গড়া শুধু স্বপ্ন নয়, বাস্তব হবে। তারা আজ যদি সঠিক পথে থাকে আগামীর বাংলাদেশ হবে আরও উন্নত, সমৃদ্ধ ও সুন্দর।

১৬৫. ভেজাল মুক্ত দেশ চাই।

১৬৬. নীতি ও উন্নয়ন পরিকল্পনায় অংশ নেওয়া।

১৬৭. কৃষি, স্বাস্থ্য ও শিক্ষায় প্রযুক্তির ব্যবহার প্রসার।

১৬৮. জাতির ইতিহাস ও সংস্কৃতি লালন।

১৬৯. ক্যারিয়ার ভিত্তিক যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন কার্যের সংখ্যা বাড়াতে হবে এবং সরকারিভাবে তাদের সাবলম্বি হবার ব্যবস্থা বাড়াতে হবে।

১৭০. নতুন বাংলাদেশ গঠনে শিক্ষার্থীদের অনুদান দেওয়া দরকার।

১৭১. বাংলাদেশের খাল-বিল ভরাট বন্ধ করে তা যথাযথ কাজে লাগাতে হবে।

১৭২. সমাজের অভিভাবক শ্রেনিকে নিয়ে আলোচনা সভা সংবর্ধনা ইত্যাদির সংখ্যা বাড়াতে হবে। যেন তারা বুঝে এসব মানবিক কর্মকান্ড তাদের ছেলে-মেয়েদের মেধা বিকাশে সাহায্য করবে।

১৭৩. ভ্রাম্যমান লাইব্রেরীর সংখ্যা বাড়াতে হবে এবং বইয়ের সংখ্যাও বাড়াতে হবে। জ্ঞানই পারে একটি সমাজকে পরিবর্তন করতে।

১৭৪. বাংলাদেশে রিক্সার অনেক চাপ অটোরিক্সার জন্য অনেক এক্সিডেন্ট হয় অটোরিক্সা মেইন রোডে ওঠা বন্ধ করা হোক।

১৭৫. প্রশিক্ষন বিমান উড়ানোর জন্য আলাদা জায়গার ব্যবস্থা করা হোক।

১৭৬. স্কুলের পাশাপাশি কো-কারিকুলাম কার্যক্রম ও বোর্ড কর্তৃক নাম্বার ব্যবস্থার প্রনয়ন, এতে করে সামাজিক কার্যক্রমে সম্পৃক্ততা বাড়বে এবং এটি সমাজে ছাত্র ও যুবদের মাঝে ইতিবাচক ভূমিকা রাখতে সাহায্য করবে।

১৭৭. স্কুল পর্যায়ে বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন, জেলা পর্যায়ে ও বিভাগীয় পর্যায়ে মেধার যাচাই করা।

১৭৮. প্রভাব মুক্ত দেশ চাই।

১৭৯. সরকারি প্রাথমিক স্কুল বাড়াতে হবে।